# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ১৪. বংশাবলির দুটো অধ্যায়ের মধ্যে বৈপরীত্য

খ্রিষ্টান পুরাতন নিয়মের ১৩ ও ১৪ নং পুস্তক এবং ইহুদি বাইবেলের ৩৮ ও ৩৯ নং পুস্তকদ্বয়ের নাম বংশাবলি (খান্দাননামা) প্রথম ও দ্বিতীয় খণ্ড। ১ বংশাবলির ৮ম অধ্যায়ের ২৯-৩৮ শ্লোকে এবং একই পুস্তকের ৯ম অধ্যায়ের ৩৫-৪৪ শ্লোকে একই ব্যক্তির বংশ বিবরণ প্রদান করা হয়েছে। কিন্তু উভয় বিবরণে প্রদত্ত নামগুলোর মধ্যে বৈপরীত্য বিদ্যমান।

এ প্রসঙ্গে ইহুদি-খ্রিষ্টান ধর্মগুরু ও বাইবেল বিশেষজ্ঞরা বলেন যে, ইয্রা দুটো পুস্তক পান, যে দুটোতে এ বংশ-তালিকাটা দু'ভাবে লেখা ছিল। পরস্পর-বিরোধী দুটো বংশ-তালিকার মধ্যে কোনটা সঠিক বা অধিকতর গ্রহণযোগ্য তা তিনি বুঝে উঠতে পারেননি। এজন্য তিনি দুটো তালিকাই উদ্ধৃত করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন